

India Foundation for the Arts (IFA) invites proposals from
Government-aided and Non-profit Schools in India for Arts-Integrated Projects
under its Arts Education programme

Deadline Extended to December 15, 2025



Image: Arivu Education and Cultural Trust

Write to Krishnamurthy TN, Senior Programme Officer, Arts Education at krishna@indiaifa.org
or call 87629 54080 for details on how to apply



The Arts Education programme is made possible
in partnership with InterGlobe Foundation



ইন্ডিয়া ফাউন্ডেশন ফর দ্য আর্টস (IFA)

সরকারি সাহায্যপ্রাপ্ত ও অলাভজনক বিদ্যালয়গুলির নিকটে আর্টস এডুকেশন প্রোগ্রামের অন্তর্গত

শিল্পকলা-ভিত্তিক প্রকল্প (আর্টস-ইন্টেগ্রেটেড প্রজেক্টস) আহ্বান করছে।

প্রকল্প প্রস্তাবনা জমা দেওয়ার শেষ তারিখ: December 15, 2025

[IFA](#) সারা ভারতের গ্রামীণ ও মফঃস্বল অঞ্চলে অবস্থিত সরকারি সাহায্যপ্রাপ্ত ও অলাভজনক বিদ্যালয়সমূহে শিল্পকলা-ভিত্তিক প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের মাধ্যমে বিদ্যালয়ের পঠনপাঠনকে আরও প্রাণবন্ত ও সৃজনশীল করে তুলতে চায়।

[আর্টস এডুকেশন প্রোগ্রাম ‘কালি-কলিসু’](#) (কন্নড় ভাষায় ‘শেখো-শেখাও’)-এর মাধ্যমে শিক্ষাঙ্গনে পঠনপাঠনকে বিভিন্ন শিল্পকলা প্রয়োগের দ্বারা পাঠ্যক্রম ভিত্তিক শিক্ষাকৌশলকে আরও আনন্দদায়ক ও মনোগ্রাহী করে তোলার লক্ষ্য গ্রহণ করেছে।

এই উদ্দেশ্যকে সামনে রেখে, IFA এমন স্কুলগুলো থেকে প্রকল্পের প্রস্তাব আহ্বান করছে, যারা শিল্পকলা-সমন্বিত শিক্ষার একটি মজবুত ভিত্তি গড়ে তুলতে এবং ছাত্রছাত্রীদের কৌতূহল, সৃজনশীলতা ও চিন্তাশক্তি উৎসাহিত করতে আগ্রহী।

বিগত বছরের প্রকল্পগুলি সম্বন্ধে বিষদে জানতে [এখানে](#) ক্লিক করুন

প্রকল্পের মূল বিষয়বস্তু ও লক্ষ্য:

প্রকল্পগুলি নিম্নলিখিত এক বা একাধিক বিষয়বস্তুকে ব্যাখ্যা করতে পারে।

- স্থানীয় শিল্পকলা এবং সংস্কৃতিচর্চাকে শ্রেণিকক্ষের পঠনপাঠনের সঙ্গে সংযুক্তকরণ,
- পাঠ্যক্রমের বিভিন্ন বিষয়ে শিল্পকলা ব্যবহারের অন্তর্ভুক্তকরণ।
- ছাত্রছাত্রীদের বাস্তব জীবনের অভিজ্ঞতা শ্রেণিকক্ষের আলোচনায় নিযুক্তকরণ।
- স্থানীয় শিল্পী ও স্থানিক সম্প্রদায়ের সম্পদের সঙ্গে যৌথ ভাবে কাজ করা।

সময়সীমা: ন্যূনতম ১ বছর থেকে সর্বাধিক ১ বছর ৬ মাস

বাজেট: সর্বাধিক ₹8,00,000/- (চার লক্ষ টাকা)

কে আবেদন করতে পারবে?

গ্রামীণ ও মফঃস্বল অঞ্চলে অবস্থিত সরকারি সাহায্যপ্রাপ্ত/অলাভজনক স্কুল, যারা স্থানীয় ভাষায় শিক্ষাদান করে এবং শিল্প ও সংস্কৃতিকে শিক্ষার গুরুত্বপূর্ণ অংশ মনে করে।

যোগ্যতাঃ

- স্কুল পরিচালনাকারী সংস্থা The Societies Registration Act, 1860 বা The Indian Trust Act, 1882-এর অধীনে নিবন্ধিত হতে হবে।
- ন্যূনতম তিন বছর ধরে কার্যক্রম চালিয়ে আসতে হবে।
- অন্তত দুই বছরের নিরীক্ষিত হিসাব (অডিট) থাকতে হবে।
- বৈধ PAN (Permanent Account Number) থাকতে হবে।

প্রস্তাব পাঠানোর নির্দেশিকা:

প্রকল্প প্রস্তাবনা যেকোনো ভারতীয় ভাষায় (ইংরেজি সহ) লেখা যেতে পারে। IFA ইংরেজি ছাড়া ভিন্ন ভারতীয় ভাষায় লিখিত প্রস্তাবকে উৎসাহিত করে।

একটি পূর্ণাঙ্গ প্রস্তাবে থাকবে:

- প্রকল্পের শিরোনাম
- বিদ্যালয়ের লক্ষ্য ও সংক্ষিপ্ত বিবরণ
- শিক্ষার্থীদের সামাজিক ও সাংস্কৃতিক প্রেক্ষাপট
- প্রকল্পের উদ্দেশ্য
- পদ্ধতি (মেথডলজি) ও বিস্তারিত কর্মপরিকল্পনা
- প্রকল্পে নিয়োজিত রিসোর্স পার্সন বা বিশিষ্ট ব্যক্তিদের বিষয় তথ্য
- প্রকল্প মূল্যায়নের পদ্ধতি
- প্রকল্পের প্রত্যাশিত ফলাফল
- বিস্তারিত বাজেট বিভাজন

এর সঙ্গে জমা দিতে হবে (Annexure):

- ট্রাস্ট ডিড/ মেমরাভাম অফ অ্যাসোসিয়েশনের কপি
- বর্তমান ট্রাস্টি/সদস্যদের তালিকা ও সংক্ষিপ্ত প্রোফাইল
- ১২A/ সোসাইটি অ্যাক্টের অন্তর্গত রেজিস্ট্রেশনের কপি
- অন্তত গত দুই বছরের নিরীক্ষিত হিসাবপত্র/ অডিটর'স রিপোর্ট
- প্রতিষ্ঠানের PAN কার্ডের কপি
- পূর্ববর্তী/চলমান আর্টস এডুকেশন কার্যক্রম (যদি থাকে)

আবেদন প্রক্রিয়া ও যোগাযোগ:

- চূড়ান্ত প্রকল্প প্রস্তাব পাঠানোর আগে প্রকল্প ধারণা নিয়ে আলোচনা করতে চাইলে বা কোনো প্রশ্ন থাকলে November 15, 2025-এর মধ্যে যোগাযোগ করুন:
ইমেল: krishna@indiaifa.org | ফোন: ৮৭৬২৯৫৪০৮০ (সকাল ১০টা - বিকেল ৫টা)
- চূড়ান্ত আবেদন ও সংশ্লিষ্ট ডকুমেন্ট একটি মাত্র ইমেইলে (২৫ এমবি-র মধ্যে) December 15, 2025-এর মধ্যে ইমেইল করুন: krishna@indiaifa.org

গুরুত্বপূর্ণ স্মরণীয় বিষয়:

অসম্পূর্ণ আবেদন অথবা যোগ্যতা মানের আওতার বহিঃভূত আবেদনগুলি বিবেচিত হবে না।

নির্বাচনের পদ্ধতি:

নির্বাচিত প্রস্তাবগুলো একটি স্বতন্ত্র প্যানেল দ্বারা মূল্যায়িত হবে এবং আবেদনকারীকে তাদের প্রকল্প উপস্থাপনের জন্য ডাকা হতে পারে। IFA-র সিদ্ধান্ত চূড়ান্ত।

নির্বাচিত প্রকল্পগুলি IFA বাস্তবায়ন করবে।

গুরুত্বপূর্ণ সময়সীমা:

- খসড়া প্রস্তাব জমার শেষ তারিখ: November 15, 2025
- চূড়ান্ত প্রস্তাব জমার শেষ তারিখ: December 15, 2025
- নির্বাচিত প্রকল্পের ঘোষণা: February 2026

বিঃ দ্রঃ IFA শিশু-কিশোরদের জন্য নিরাপদ ও সম্মানজনক পরিবেশ নিশ্চিত করতে প্রতিশ্রুতিবদ্ধ।
আবেদনকারী প্রতিষ্ঠানের এই নীতির সঙ্গে সামঞ্জস্যপূর্ণ হওয়া আবশ্যিক।